

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৭

১/ পবিত্রতা (ﷺ) کتاب الطهارة عن رسول الله

পরিচ্ছেদঃ উযুর মধ্যে পানির অপচয় পছন্দনীয় নয়।

باب مَا جَاءَ فِي كَرَاهِيَةِ الإِسْرَافِ فِي الْوُضُوءِ بِالْمَاءِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا أَبُو دَاؤُدَ الطَّيَالِسِيُّ، حَدَّثَنَا خَارِجَةُ بْنُ مُصنْعَبٍ عَنْ النَّبِيِّ يُونُسَ بْنِ عُبَيْدٍ، عَنِ الْحَسَنِ، عَنْ عُتَى بْنِ ضَمْرَةَ السَّعْدِي، عَنْ أَبَى بْنِ كَعْبٍ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " إِنَّ لِلْوُضنُوءِ شَيْطَانًا يُقَالُ لَهُ الْوَلْهَانُ فَاتَّقُوا وَسْوَاسَ الْمَاءِ ". قَالَ وَفِي الْبَابِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُغَفَّلٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبُى بْنِ كَعْبٍ حَدِيثُ غَرِيبٌ وَلَيْسَ إِسْنَادُهُ بِالْقُويِ وَالصَّحِيحِ عِنْدَ أَهْلِ الْحَدِيثِ لأَثَا لاَ أَبُى بْنِ كَعْبٍ حَدِيثٌ غَرِيبٌ وَلَيْسَ إِسْنَادُهُ بِالْقُويِ وَالصَّحِيحِ عِنْدَ أَهْلِ الْحَدِيثِ لأَثَا لاَ لَهُ لَمُ الْمَاءِ نَعْلُم أَحَدًا أَسْنَدَهُ غَيْرَ خَارِجَةَ . وَقَدْ رُويَ هَذَا الْحَدِيثُ مِنْ غَيْرِ وَجْهٍ عَنِ الْحَسَنِ قَوْلَهُ وَلاَ يَصِحِ فِي هَذَا الْبَابِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم شَيْءٌ . وَخَارِجَةُ لَيْسَ بِالْقَوِي عِنْدَ أَصْحَابِنَا وَضَعَّفَهُ ابْنُ الْمُبَارَكِ .

বাংলা

৫৭. মুহাম্মাদ ইবনু বাশশার (রহঃ) উবাই ইবনু কা'ব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, উযূ (ওজু/অজু/অযু)র জন্য একটি শয়তান নির্ধারিত রয়েছে। এর নাম হল ওয়ালাহান। সুতারাং তোমরা পানির ব্যাপারে সন্দেহ প্রবণতা থেকে বেঁচে থাকবে। - ইবনু মাজাহ ৪২১, তিরমিজী হাদিস নম্বরঃ ৫৭ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবদুল্লাহ ইবনু আমর এবং আবদুল্লাহ ইবনু মুগাফফাল রাদিয়াল্লাছ আনহু থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবৃ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেন, উবাই ইবনু কা'ব রাদিয়াল্লাছ আনহু বর্ণিত এই হাদিসটি গরীব। হাদিস বিশারদগণের নিকট এই হাদিসটির সনদ শক্তিশালী এবং সহীহ্ নয়। কারণ, খারিজা ব্যতীত আর কেউ এটিকে নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম পর্যন্ত রাবী পরস্পরায় বা মুসনাদ হিসাবে রিওয়ায়াত করেছেন বলে আমাদের জানা নেই। এই কথাটি হানানের উক্তি হিসাবেও একধিক বর্ণনায় রয়েছে। নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম থেকে এই বিষয়ে সহীহ কিছু বর্ণিত নেই। হাদিস বিশারদদের নিকট খারিজা শক্তিশালী রারী বলে স্বীকৃত নন। ইবনু মুবারাক তাঁকে যঈফ বলে আখ্যায়িত করেছেন।



English

Ubayy bin Ka'b narrated that:

the Prophet said: "Indeed there is a Shaitan for Wudu' who is called "Al-Walahan." So beware of having misgivings about water."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)

